# Times Today BD

জেলা প্রতিনিধি | ঢাকা | 14 May, 2025

মুন্সীগঞ্জের গজারিয়ায় লালু বাহিনীর সেকেন্ড ইন কমান্ড সৈকত (২৫) কে গ্রেপ্তার করেছে থানা পুলিশ। বুধবার (১৪ মে) দুপুর পৌনে ২টার দিকে উপজেলার ভাটেরচর নতুন রাস্তা এলাকায় অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারকৃত সৈকত উপজেলার ইমামপুর ইউনিয়নের হোগলাকান্দি গ্রামের সাইফুল ইসলামের ছেলে। গজারিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আনোয়ার আলম আজাদ বিষয়টি নিশ্চিত করেছেন।

ওসি আনোয়ার আলম আজাদ জানিয়েছেন, গজারিয়া উপজেলার ইমামপুর ইউনিয়নের কুখ্যাত সন্ত্রাসী লালু বাহিনীর অন্যতম সদস্য সৈকত।তার বিরুদ্ধে অস্ত্র, মারামারিসহ বিভিন্ন অভিযোগে ১০টি মামলা রয়েছে।তাকে গ্রেপ্তারের মাধ্যমে ইমামপুর ইউনিয়নে সন্ত্রাস ও অপরাধ দমনে গুরুত্বপূর্ণ অগ্রগতি হয়েছে এবং এলাকাবাসীর মধ্যে স্বস্তি ফিরে এসেছে বলে জানান তিনি।

গ্রেপ্তার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 06:02

URL: https://www.timestodaybd.com/dhaka/7758072494